# মডেল টেস্ট– ১২

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১×৫০=৫০

১. ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় তুমি ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষার্থী থাকলে তুমি নিচের কোনটি করতে?
ⓚ গ্রামের বাড়িতে গমন
ⓖ ভাষা আন্দোলনে অংশগ্রহণ
ⓖ ভাষা আন্দোলন পর্যবেক্ষণ
ⓘ আন্দোলন থেকে নিজেকে দূরে রাখা

২. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের সময় তুমি ঢাকা কলেজের ছাত্র হলে কী করতে?
ⓚ মনোযোগ দিয়ে লেখাপড়া ⓖ বাসায় বসে আন্দোলনের খোঁজ
ⓖ কলেজে যাওয়া বন্ধ ⓘ গণঅভ্যুত্থানে অংশগ্রহণ

৩. মনে কর, ৭ই মার্চ এলেই তোমার বীর মুক্তিযোদ্ধা দাদা তোমাকে নিয়ে সোহরাওয়ার্দী উদ্যানে বেড়াতে যান। '৭১ এ এই ময়দানের নাম কী ছিল?
ⓚ রমনা ময়দান ⓖ রেসকোর্স ময়দান
ⓖ পল্টন ময়দান ⓘ ঘোড়দৌড় ময়দান

৪. যুদ্ধে সৈন্যবাহিনীর প্রধানের বিশ্বাসঘাতকতার ফলাফল কোনটি হতে পারে বলে তুমি মনে কর?
ⓚ নিশ্চিত পরাজয় ⓖ নিশ্চিত জয়
ⓖ অতি দ্রুত জয় ⓘ যুদ্ধের স্থায়িত্ব বৃদ্ধি

৫. মনে কর, তুমি একটি ছাপাখানা প্রতিষ্ঠা করেছ। এর ফলাফল কোনটি হবে?
ⓚ বাণিজ্যের উন্নতি ⓖ অর্থনৈতিক সমৃদ্ধি
ⓖ শিক্ষা ব্যবস্থার উন্নতি ⓘ যোগাযোগ ব্যবস্থার উন্নতি

৬. মাস্টার দা সূর্যসেন চিরস্মরণীয় কেন?
ⓚ আত্মত্যাগ ও সাহসিকতার জন্য
ⓖ ব্রিটিশ বিরোধী আন্দোলনে নেতৃত্ব দেওয়ার জন্য
ⓖ সশস্ত্র আন্দোলন করার জন্য
ⓘ অসহযোগ আন্দোলনের ডাক দেওয়ার জন্য

৭. পাহাড়পুরের ঐতিহাসিক নিদর্শনটি ৭৮১-৮২১ খ্রিষ্টাব্দে নির্মিত হয়। এটি কোন রাজার শাসনামলে নির্মিত হয়?
ⓚ রাজা ধর্মপাল ⓖ রাজা গোপাল
ⓖ রাজা মহীপাল ⓘ রাজা শশাঙ্ক

৮. বৌদ্ধধর্মে বিশ্বাসী অমিত মুৎসুদ্দির খুব শখ তার ধর্মের নিদর্শনগুলো দেখা। এজন্য তাকে কী করতে হবে?
ⓚ ময়নামতি যেতে হবে ⓖ উয়ারী-বটেশ্বরে যেতে হবে
ⓖ সোনারগাঁও-এ যেতে হবে ⓘ লালবাগে যেতে হবে

৯. তুমি তোমার দেশের ঐতিহাসিক নিদর্শনসমূহের প্রতি সম্মান দেখাবে কেন?
ⓚ দেখতে অনেক চমৎকার বলে
ⓖ আর্থিকভাবে অনেক মূল্যবান বলে
ⓖ আমাদের ইতিহাস ও সংস্কৃতিকে প্রতিনিধিত্ব করে বলে
ⓘ বিদেশিরা এ ব্যাপারে অনেক আগ্রহ প্রকাশ করে বলে

১০. বাংলাদেশের খাদ্য সরবরাহের প্রধান উৎস হিসেবে তুমি কোন খাতটিকে চিহ্নিত করবে?
ⓚ কৃষি খাত ⓖ শিল্প খাত ⓖ ব্যবসা খাত ⓘ মৎস্য খাত

১১. মনে কর, তোমার প্রতিবেশী মঞ্জু চাচা বাংলাদেশের প্রধান অর্থকরী কৃষিদ্রব্য চাষ করেন। তার চাষকৃত ফসলটির নাম কী?
ⓚ ধান ⓖ গম ⓖ আলু ⓘ পাট

http://teachingbd.com

১২. আশিকের বাবা ঘোড়াশালে একটি বৃহৎ শিল্পে চাকরি করেন। আশিকের বাবা কোন শিল্পে চাকরি করেন?
ক) ঔষধ খ) চিনি গ) কাগজ ঘ) সার

১৩. জনসংখ্যা দক্ষ জনসম্পদে পরিণত হলে কোনটি ঘটবে বলে তুমি মনে কর?
ক) জনসংখ্যা হ্রাস পাবে
খ) দেশের অভ্যন্তরীণ সমস্যা বৃদ্ধি পাবে
গ) শিক্ষার হার বৃদ্ধি পাবে
ঘ) দেশের অর্থনৈতিক উন্নয়ন ঘটবে

১৪. ঢাকা শহরের বিভিন্ন বস্তিতে অসংখ্য মানুষ মানবেতর জীবন যাপন করছে। তাদের এরূপ অবস্থা কিসের অপরিহার্য ফল?
ক) অর্থনৈতিক সমস্যার খ) রাজনৈতিক সমস্যার
গ) অতিরিক্ত জনসংখ্যার ঘ) রাজনৈতিক অস্থিরতার

১৫. কোনো দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য তিন ধরনের যোগান দরকার। তার মধ্যে বাংলাদেশে প্রাকৃতিক ও মানব সম্পদ থাকলেও কোনটি কম রয়েছে?
ক) ভূমি খ) শ্রম গ) মূলধন ঘ) সংগঠন

১৬. সায়হাম বাবা-মার সাথে লালমনিরহাটের ভাষাণচরে বাস করে। সায়হামের বসবাস করার এলাকাটি কী হিসেবে পরিচিত?
ক) দুর্যোগপ্রবণ খ) পর্যটন এলাকা
গ) শিল্প এলাকা ঘ) সীমান্ত অঞ্চল

১৭. সিলেট বাংলাদেশের সবচেয়ে বৃষ্টিবহুল অঞ্চল। এর কারণ—
ক) প্রচুর গাছপালা খ) অনেক পাহাড়
গ) অসংখ্য হাওর ঘ) অজস্র পতিত জমি

১৮. রাব্বিদের এলাকায় একটি দুর্যোগের সময় গবাদি পশুর মড়ক দেখা দেয়। এখানে কোন দুর্যোগকে বোঝানো হয়েছে?
ক) ঘূর্ণিঝড় খ) খরা
গ) ভূমিকম্প ঘ) নদীভাঙন

১৯. ধর, তোমার বাবা তার কারখানায় কর্মরত নারী-পুরুষ সবাইকে পদ অনুযায়ী সমান মজুরি প্রদান করেন। তিনি কোন অধিকারটি প্রতিষ্ঠা করেছেন?
ক) সামাজিক খ) অর্থনৈতিক
গ) মানবাধিকার ঘ) রাজনৈতিক

২০. সানজিদার একটি মাটির পুতুল আছে। এর প্রতি তার খুব আকর্ষণ। সে যেখানেই যায় পুতুলটিকে সঙ্গে রাখে। সানজিদাকে কী বলা যায়?
ক) বুদ্ধিমান শিশু খ) প্রতিভাবান শিশু
গ) অটিস্টিক শিশু ঘ) স্বাভাবিক শিশু

২১. ধর, তোমার পরিচিত কোনো ব্যক্তি অর্থের লোভে তাদের বাড়িতে কাজে সহায়তাকারী মেয়েকে অন্য দেশে পাচার করে দেয়। মেয়েটির ক্ষেত্রে কোনটি ঘটেছে?
ক) অর্থনৈতিক অধিকার লঙ্ঘন খ) রাষ্ট্রীয় অধিকার লঙ্ঘন
গ) স্বাধীনতা লঙ্ঘন ঘ) নারী অধিকার লঙ্ঘন

২২. তুমি এমন একজন মহিয়সী নারীর নাম জান যিনি নারী অধিকার প্রতিষ্ঠা ও তাদের শিক্ষার অগ্রগতির জন্য আজীবন চেষ্টা চালিয়ে গেছেন। তিনি কে?
ক) বেগম রোকেয়া খ) বেগম লুৎফুন্নাহার
গ) সুলতানা রাজিয়া ঘ) বেগম জান্নাতুন নূর

Teachingbd.com

২৩. তুমি যদি কোনো পরিবারে গিয়ে দেখতে পাও একটি মেয়েশিশু ছেলেশিশুর মতন সমপরিমাণ সুবিধা পাচ্ছে না, বিভিন্ন ক্ষেত্রে বৈষম্যের শিকার হচ্ছে তাহলে তুমি কী করবে?
ক প্রতিবাদ করবে
খ রাগারাগি করবে
গ চুপ থাকবে
ঘ ছেলেমেয়ে সমান–এটি বুঝিয়ে বলবে

২৪. অনেক পরিবার আছে যেখানে ছেলেদের স্কুলে ভর্তি করালেও মেয়েদের পড়ালেখার ব্যাপারে উদাসীন। এরূপ হওয়ার কারণ কী?
ক রাজনৈতিক কারণ
খ পারিবারিক কারণ
গ দারিদ্র্য
ঘ নিম্ন সামাজিক মর্যাদা

২৫. তোমরা প্রতিদিন বিকেলে এলাকার খেলার মাঠে খেলতে যাও। মাঠটি সংরক্ষণ করা তোমাদের কোন দায়িত্বের মধ্যে পড়ে?
ক পারিবারিক খ গোত্রীয় গ আঞ্চলিক ঘ সামাজিক

২৬. রাস্তায় চলাচলের সময় আমদের কী করা উচিত নয়?
ক রাস্তার মাঝ দিয়ে হাঁটা
খ ফুটপাথ ব্যবহার
গ জেব্রাক্রসিং ব্যবহার
ঘ ওভারব্রীজ ব্যবহার

২৭. নাহিদ একা একা বিদ্যালয়ে যায়। তার রাস্তায় চলাচলের সময় নিরাপত্তা রক্ষায় মা তাকে কী শিক্ষা দিবেন?
ক রাস্তা পারাপারের নিয়ম
খ ফুটপাথ দিয়ে পথ চলার নিয়ম
গ বিদ্যালয়ে যাওয়ার নিয়ম
ঘ পথ চলার নিয়মাবলি

২৮. অরুণালোক পাঠাগারটি প্রতিষ্ঠিত হয় জালালপুর গ্রামের সকলের মতামতের ভিত্তিতে। পাঠাগারটি প্রতিষ্ঠার ক্ষেত্রে কিসের প্রতিফলন ঘটেছে?
ক একনায়কতন্ত্রের
খ সমাজতন্ত্রের
গ গণতন্ত্রের
ঘ স্বৈরতন্ত্রের

২৯. মিজান তার মহল্লায় শান্তি বজায় রাখতে চায়। এক্ষেত্রে মিজানের মহল্লার লোকদের কিরূপ মনোভাবের অধিকারী হতে হবে?
ক গণতান্ত্রিক
খ স্বৈরতান্ত্রিক
গ একনায়কতান্ত্রিক
ঘ সমাজতান্ত্রিক

৩০. তুমি বিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কিসের ভিত্তিতে কাজ করবে?
ক দলীয় নেতার মতামতের
খ শিক্ষকের মতামতের
গ শ্রেণিনেতার মতামতের
ঘ অধিকাংশের মতামতের

৩১. মনে কর, তোমার সহপাঠী 'মনখেমে' ভাষায় কথা বলে। সে কোন পোশাকটি পরিধান করবে?
ক ফুংগ মারুং
খ ওয়াংলাই
গ খাটো সাদা কাপড়
ঘ রিনাই

৩২. নবনীতা ওঁরাওদের প্রধান উৎসবে যোগ দিতে রাজশাহী গেল। সেখানে সে খুব আনন্দ করল। নবনীতা কোন মাসে রাজশাহী গিয়েছিল?
ক বৈশাখ খ আষাঢ় গ ফাল্গুন ঘ শ্রাবণ

৩৩. মনে কর, তুমি একটি আন্তর্জাতিক সংস্থার মহাসচিব। সদস্য দেশগুলোর উন্নয়নে তুমি কোনটি গড়ে তুলবে?
ক বন্ধুত্ব, ভ্রাতৃত্ব ও সম্প্রীতি
খ ভ্রাতৃত্ব, সম্প্রীতি ও সহযোগিতা
গ বন্ধুত্ব, সম্প্রীতি ও সহযোগিতা
ঘ বন্ধুত্ব, সম্প্রীতি ও একতা

Teachingbd.com

৩৪. ধর, তুমি একটি অনুন্নত দেশে বসবাস কর। তুমি তোমার দেশের জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে জাতিসংঘের কোন শাখার নিকট আবেদন জানাবে?
ক সাধারণ পরিষদ | খ অছি পরিষদ
গ নিরাপত্তা পরিষদ | ঘ অর্থনৈতিক ও সামাজিক পরিষদ

৩৫. তুমি সার্ক এর সর্বশেষ সদস্যভুক্ত রাষ্ট্রটি ভ্রমণ করতে চাও। তাহলে তোমাকে কোন দেশে যেতে হবে?
ক ভুটান | খ পাকিস্তান
গ আফগানিস্তান | ঘ মালদ্বীপ

৩৬. বঙ্গাবন্ধু কখন স্বাধীনতার ঘোষণা দেন?
ক ১৯৭১ সালের ৭ই মার্চ | খ ১৯৭১ সালের ২৫এ মার্চ
গ ১৯৭১ সালের ২৬এ মার্চ | ঘ ১৯৭১ সালের ২৯এ মার্চ

৩৭. মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে সাহায্য করার জন্য ভারত যে সহায়তাকারী বাহিনী গঠন করে তার নাম কী?
ক মুক্তিবাহিনী | খ মিত্রবাহিনী
গ যৌথবাহিনী | ঘ নিয়মিত বাহিনী

৩৮. তিতুমীর তাঁর বাঁশের কেল্লাটি কোথায় নির্মাণ করেছিলেন?
ক ব্রাহ্মণবাড়িয়া | খ হুগলি
গ আমিনবাজার | ঘ নারিকেলবাড়িয়া

৩৯. সোনারগাঁও কোন জেলায় অবস্থিত?
ক নরসিংদী | খ নারায়ণগঞ্জ | গ বগুড়া | ঘ কুমিল্লা

৪০. টাঙ্গাইল জেলার কাগমারি বিখ্যাত কেন?
ক রেশম শিল্পের জন্য | খ তাঁত শিল্পের জন্য
গ কাঁসা শিল্পের জন্য | ঘ মৃৎ শিল্পের জন্য

৪১. বাংলাদেশে জনসংখ্যা সমস্যা সমাধানের লক্ষ্যে বাণিজ্যের ভারসাম্য রক্ষায় কোনটি বাড়াতে হবে?
ক রপ্তানি | খ আমদানি
গ কৃষি পণ্য উৎপাদন | ঘ শিল্প পণ্য উৎপাদন

৪২. নদীর স্বাভাবিক প্রবাহ কমে যাওয়ার কারণ কী?
ক বন্যা | খ খরা | গ ভূমিকম্প | ঘ নদীভাঙন

৪৩. মানবাধিকার অনুযায়ী কারা সমান অধিকার পাবে?
ক পুরুষরা | খ নারীরা | গ শিশুরা | ঘ সবাই

৪৪. কোন সাল থেকে নারী দিবস পালন শুরু হয়?
ক ১৯১০ | খ ১৯২০ | গ ১৯৩০ | ঘ ১৯৪০

৪৫. সমাজকে সুন্দর ও সুশৃঙ্খল রাখার দায়িত্ব কার?
ক ছাত্রদের | খ শিক্ষকদের
গ সমাজপতিদের | ঘ আমাদের সবার

৪৬. কোনটি সামাজিক সম্পদ?
ক প্রাকৃতিক গ্যাস | খ কয়লা
গ চুনাপাথর | ঘ খেলার মাঠ

৪৭. গণতান্ত্রিক পদ্ধতিতে কিসের ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া হয়?
ক একজনের মত | খ দলনেতার মত
গ ২ বা ৩ জনের মত | ঘ অধিকাংশের মত

৪৮. গারো নারীদের ঐতিহ্যবাহী পোশাক কোনটি?
ক নকমান্দি | খ দকবান্দা | গ ওয়াংগালা | ঘ ফুংগ মারুং

৪৯. পৃথিবীতে বাংলাদেশ সহ মোট কয়টি দেশ আছে?
ক ১৯০টি | খ ১৯২টি | গ ১৯৪টি | ঘ ১৯৬টি

৫০. সদস্য দেশগুলোর জীবনযাত্রার মান উন্নয়ন কোন সংস্থার লক্ষ্য?
ক জাতিসংঘ | খ সার্ক | গ ইউনিসেফ | ঘ ইউনেস্কো

Teachingbd.com

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১ × ১৫ = ১৫

(ক) বিদেশ থেকে আমাদের ডাল আমদানি করতে হয় কেন?

(খ) বাংলাদেশের বিপুল পরিমাণ শ্রমশক্তি দক্ষ মানব সম্পদে পরিণত হতে পারে। এক্ষেত্রে শ্রমিকদের কীভাবে দক্ষ শ্রমশক্তিতে রূপান্তরিত করা যায়?

(গ) খেলার মাঠে সহপাঠীদের সাথে ঝগড়া-বিবাদ শুরু হলো। এ সময় তোমার কাজ কী?

(ঘ) তোমার বান্ধবী গারো নৃ-গোষ্ঠীর সদস্য। সে কোন ধরনের পোশাক পরিধান করবে?

(ঙ) জাতিসংঘ ও সার্কের মধ্যে তুমি কোন সাদৃশ্যটি খুঁজে পাবে?

(চ) মুক্তিযুদ্ধের সময় নিয়মিত যোদ্ধাদের নিয়ে গঠিত বাহিনীর নাম কী?

(ছ) তিতুমীর কোথায় বাঁশের কেল্লা নির্মাণ করেছিলেন?

(জ) শিল্পাচার্য জয়নুল আবেদীন কত সালে লোকশিল্প যাদুঘর প্রতিষ্ঠা করেন?

(ঝ) কোন ধরনের জলবায়ু ধান চাষের জন্য উপযোগী?

(ঞ) খরার ফলে কী ঘটে?

(ট) কোন ধরনের শিশুদেরকে অটিস্টিক শিশু বলে?

(ঠ) সমাজে বিশৃঙ্খলা দেখা দেয় কেন?

(ড) ত্রিপুরারা গ্রামের সকল লোকের মঙ্গলের জন্য কোন পূজা করে?

(ঢ) বাংলাদেশ কবে জাতিসংঘের সদস্যপদ লাভ করে?

(ণ) জাতিসংঘ গঠনের দুইটি উদ্দেশ্য লেখ।

৩। **ক, খ, গ, ঘ ও ঙ নং প্রশ্নসহ যেকোনো ৭টি প্রশ্নের উত্তর লেখ :** ৫×৭ = ৩৫

(ক) কৃষিপ্রধান দেশ হলেও দেশটি একটি শিল্পের জন্য বিখ্যাত। এদেশ কোন শিল্পের জন্য বিখ্যাত? তারপরেও বিদেশ থেকে আমাদের উক্ত শিল্পপণ্য আমদানি করতে হয় কেন? পোশাক শিল্পের তিনটি গুরুত্ব বর্ণনা কর। ১+১+৩=৫

(খ) সোহানদের বাড়ি রংপুর জেলায়। জলবায়ু তার এলাকার মানুষের জীবনযাত্রায় যে প্রভাব বিস্তার করবে তা পাঁচটি বাক্যে লেখ। ৫

(গ) বাড়িতে কীভাবে নিরাপদ থাকা যায় সে সম্পর্কে তোমার বন্ধুকে কী বলবে? পাঁচটি বাক্যে লেখ। ৫

(ঘ) গণতান্ত্রিক মনোভাব কাকে বলে? তোমার বাড়ি ও বিদ্যালয়ে গণতন্ত্র চর্চার দুটি করে উপায় লেখ। ১+২+২=৫

(ঙ) নিরাপত্তা পরিষদ জাতিসংঘের প্রতিরক্ষা পরিষদ। পরিষদটি সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

(চ) আমরা এখন কীভাবে আমাদের স্বাধীনতা দিবস উদযাপন করি? পাঁচটি বাক্যে লেখ। ৫

(ছ) কুটির শিল্প কাকে বলে? বাংলাদেশের কুটির শিল্প সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫

(জ) বাংলাদেশের খরাপ্রবণ অঞ্চল কোনটি? এ অঞ্চলে খরার চারটি কারণ লেখ। ১+৪=৫

(ঝ) সমাজের প্রকৃত উন্নয়নের জন্য কাদের ভূমিকা গুরুত্বপূর্ণ? বাংলাদেশের সমাজ উন্নয়নে নারীদের অবদানের চারটি ক্ষেত্র উল্লেখ কর। ১+৪=৫

(ঞ) ওঁরাও জাতিসত্তার সমাজ ব্যবস্থা সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

TeachingBD.com

# মডেল টেস্ট - ১২এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | ক | ৮ | ক | ৯ | গ |
| ১০ | ক | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | খ |
| ১৯ | গ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ঘ |
| ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | গ | ৩৩ | গ | ৩৪ | ঘ | ৩৫ | গ | ৩৬ | গ |
| ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | খ | ৪০ | গ | ৪১ | ক | ৪২ | খ | ৪৩ | ঘ | ৪৪ | ক | ৪৫ | ঘ |
| ৪৬ | ঘ | ৪৭ | ঘ | ৪৮ | খ | ৪৯ | ঘ | ৫০ | খ | | | | | | | | |

২। (ক) দেশের চাহিদা পূরণের জন্য আমাদের বিদেশ থেকে ডাল আমদানি করতে হয়।

(খ) এক্ষেত্রে শ্রমিকদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে দক্ষ শ্রমশক্তিতে রূপান্তরিত করা যায়।

(গ) এ সময় আমার কাজ হলো ঝগড়া মেটাতে উদ্যোগ নেওয়া।

(ঘ) আমার বান্ধবী দকখান্দা পোশাক পরিধান করবে।

(ঙ) দুটিই স্বাধীন উন্নয়নমূলক সংস্থা।

(চ) মুক্তিযুদ্ধের সময় নিয়মিত যোদ্ধাদের নিয়ে গঠিত বাহিনীর নাম মুক্তিফৌজ।

(ছ) তিতুমীর বারাসতের কাছে নারকেলবাড়িয়া গ্রামে একটি বাঁশের কেলা নির্মাণ করেছিলেন।

(জ) শিল্পাচার্য জয়নুল আবেদীন ১৯৭৫ সালে লোকশিল্প যাদুঘর প্রতিষ্ঠা করেন।

(ঝ) বাংলাদেশের প্রায় সব অঞ্চলের জলবায়ু ও অগভীর জলাভূমি ধান চাষের জন্য উপযোগী।

(ঞ) খরার ফলে পুকুর, নদী, খাল, বিল ও জলাশয় শুকিয়ে যায়; যার ফলে ফসল উৎপাদন ব্যাহত হয় এবং মানুষের অর্থনৈতিক জীবন ক্ষতিগ্রস্ত হয়।

(ট) অটিজম নামক বিকাশগত সমস্যায় আক্রান্ত শিশুদের অটিস্টিক শিশু বলে।

(ঠ) আইনকানুন মেনে না চললে বা ভঙ্গ করলে সমাজে বিশৃঙ্খলা দেখা দেয়।

(ড) ত্রিপুরারা গ্রামের সকল লোকের মঙ্গলের জন্য 'কের' পূজা করে।

(ঢ) বাংলাদেশ ১৯৭৪ সালের ১৭ই সেপ্টেম্বর জাতিসংঘের সদস্যপদ লাভ করে।

(ণ) জাতিসংঘ গঠনের দুইটি উদ্দেশ্য হলো—

১. বিশ্বশান্তি প্রতিষ্ঠা করা এবং

২. বিভিন্ন জাতি তথা দেশের মধ্যে সম্প্রীতি স্থাপন করা।

Teachingbd.com